

💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

ঈদের জামাআত না পেলে কি করব? কাযা আদায় করতে হবে কি?

অনেক বিজ্ঞ উলামায়ে কিরামের মতে দু' রাকআত কাযা আদায় করতে হবে।

অপরদিকে আমাদের হানাফী মাযহাবের ইমাম আবূ হানীফা (রহ.) বলেছেন, ঈদের সালাত ধরতে না পারলে ইচ্ছা করলে কাযা আদায় করতে পারে। আর না করলেও কোন অসুবিধা নেই। যদি আদায় করে তবে চার রাক'আতও আদায় করতে পারে, আবার দু' রাক'আতও পারে।

যে ব্যক্তি জামাত পাবে না সে একাও পড়তে পারে, আবার দু' তিনজন পুরুষ বা নারী হোক তাদেরকে নিয়ে জামাতেও পড়তে পারে। সেক্ষেত্রে খুৎবা দেয়া প্রয়োজন নেই।

একবার আনাস রাদিয়াল্লাহু আনহু ঈদের জামাআত না পেয়ে নিজ পরিবারের সদস্যদের নিয়ে দু'রাক'আতে সালাত আদায় করেছিলেন। (বুখারী)

জামা'আতে যদি এক রাক'আত কম পায় তাহলে বাকী এক রাক'আত নিজে নিজে পড়ে নিবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2645

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন